**পরিশিষ্ট-১**

# জনপ্রশাসন সংস্কারঃ বিভিন্ন অংশীজনের প্রস্তাব/সুপারিশ

| ক্রমিক নং | প্রস্তাব/সুপারিশ | অংশীজন |
|---|---|---|
| ১। | • ক্ষমতা বিকেন্দ্রীকরণ<br>• প্রাদেশিক/ফেডারেল পদ্ধতির সরকার ব্যবস্থা<br>• রাষ্ট্রপতি পদে সরাসরি নির্বাচন<br>• প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি পদের ক্ষমতার ভারসাম্য<br>• দ্বিকক্ষ বিশিষ্ট সংসদ<br>• সংবিধানের আর্টিকেল ৭০ রহিতকরণ<br>• কেয়ারটেকার ব্যবস্থা পুনরুদ্ধার<br>• বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয়<br>• জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে গণভোটের মাধ্যমে সিদ্ধান্ত<br>• জাতীয় নির্বাচনে ২৫-৩০% আসনে নারী প্রতিনিধির সরাসরি অংশগ্রহণ<br>• সংবিধানে **'জাতির পিতা'** পরিবর্তে **'প্রতিষ্ঠাতা পিতা'** উল্লেখ<br>• উন্নয়নে অঞ্চল সমতা<br>• স্থানীয় সরকারের অধিক স্বায়ত্ত শাসন। | সংবিধান সংস্কার কমিশনের সভার সুপারিশ (The Daily Star) |
| ২। | • ক্ষমতা বিকেন্দ্রীকরণ<br>• স্থানীয় সরকার শক্তিশালীকরণ<br>• আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ শিথিল<br>• জনপ্রতিনিধি ও কেন্দ্রীয় পর্যায়ের সরকারি কর্মকর্তাদের (Divisional Commissioner, DC, UNO) দায়িত্ব ও কর্তব্য স্বচ্ছতার সাথে সুনির্দিষ্ট করা<br>• স্থানীয় পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধি<br>• কেন্দ্র ও মাঠ কার্যক্রমের জন্য মন্ত্রণালয় পর্যায়ে তদারকি কমিটি গঠন<br>• মাঠ প্রশাসনকে অধিক জনমুখি (Publicness) করা তোলা<br>• সিদ্ধান্ত গ্রহণে জন সম্পৃক্ততা বৃদ্ধি<br>• স্থানীয় সরকারের প্রতি আস্থা বৃদ্ধিতে সচেষ্ট হওয়া<br>• উপজেলা, জেলা ও বিভাগের কার্যক্রম তদারকি (নিরপেক্ষ/independent) কমিটি গঠন (অথবা Hybrid central-field relationship) | ড. লুৎফুল হক চৌধুরী, প্রাক্তন অধ্যাপক, জনপ্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ৩। | • আইনগত, কাঠামোগত, পদ্ধতিগত এবং আচরনগত ক্ষেত্রে সংস্কার প্রয়োজন। এ জন্য-<br>▪ <u>বিদ্যমান আইন ও নিয়ম পর্যালোচনা ও হালনাগাদ করা</u><br>▪ ন্যায়পাল নিয়োগ<br>▪ সুস্পষ্ট নীতিমালার আলোকে সরকারি কর্মচারি বদলি/পদোন্নতি<br>▪ গুচ্ছ মন্ত্রণালয় (regulatory, infrastructure, development….)<br>▪ পিরামিড আকারে প্রশাসন<br>▪ আন্তঃক্যাডার বৈষম্য নিরসন | ড. ফেরদৌস আরফিনা ওসমান, অধ্যাপক, জনপ্রশাসন বিভাগ,<br>ঢাকা বিশ্ববিদ্যালয় |

| | | |
|---|---|---|
| | ▪ ক্যাডার সংখ্যা হ্রাস, প্রশাসনিক স্তর যৌক্তিক ও বিকেন্দ্রিকরণ<br>▪ রাজনীতিমুক্ত, মেধাভিত্তিক, কর্মক্ষমতা ও প্রযুক্তিজ্ঞান সম্পন্ন, স্বচ্ছ ও জবাবদিহিতা নিশ্চিতকরণ । | |
| ৪। | • সরকারি কর্মচারির (Government Employees) পরিবর্তে প্রজাতন্ত্রের কর্মচারি (Employees of the Republic) নামকরণ<br>• প্রতি বছর প্রজাতন্ত্রের কর্মচারির স্থাবর ও অস্থাবর সম্পদের বিবরণী ঘোষনা এবং একইভাবে পাসপোর্টের তথ্য<br>• By the Order of the Prime Minister এর পরিবর্তে By the Order of the President করা । | এ এইচ এম রেজাউল কবির, পরিবেশ সচিব (অবঃ) |
| ৫। | • প্রশাসন ক্যাডারের নাম পরিবর্তন করে বাংলাদেশ প্রশাসনিক সার্ভিস রাখা<br>• উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের কর্মসম্পাদনে কার্যকর সমন্বয় সাধন<br>• প্রফেশনাল ডিগ্রী অর্জনের সুযোগ<br>• বুনিয়াদী প্রশিক্ষণের পর ক্যাডার পছন্দের সুযোগ<br>• আন্তঃক্যাডার বৈষম্য দূরীকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ<br>• MoPA- তে<br>    • আইনি জটিলতায় সহায়তা প্রদানের জন্য সেল গঠন<br>    • কেন্দ্রীয় জনসংযোগ ইউনিট চালু করা<br>    • গোয়েন্দা ইউনিট গঠন<br>• বিভাগীয় প্রশিক্ষণের পরে মাঠ প্রশাসনে পদায়ন<br>• কোন ACR এ গড় নম্বরের কম পেলে কর্মকর্তা তাঁকে অবহিত করা<br>• জনপ্রশাসনে ‘ন্যায়পাল’ পদ সৃষ্টি<br>• মেধা ও পারফরমেন্স ভিত্তিক পদোন্নতি<br>• মাঠ পর্যায়ে DC ও UNO পদায়নের পূর্বে ব্রিফিং<br>• ক্লাস্টারভিত্তিক মন্ত্রণালয়ের চাহিদার ভিত্তিতে ক্যারিয়ার প্লানিং<br>• বিদেশে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্তদের বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পদায়ন<br>• বিসিএস পরীক্ষা বিশেষায়িত ক্যাডারের ক্ষেত্রে বিষয় ভিত্তক করা<br>• প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতা বৃদ্ধি<br>• অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের রাজনীতি/নির্বাচনে সম্পৃক্ত হওয়া রহিতকরণ। | বিসিএস প্রশাসন একাডেমিতে বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ |
| ৬। | • পৃথক ইউনিফরমড প্রশাসন সার্ভিস গঠন<br>• কারিগরি/পেশাজীবীদের জন্য বিশেষায়িত সার্ভিস গঠন<br>• একাউন্টস সার্ভিসকে পৃথক সার্ভিস হিসেবে গড়ে তোলা<br>• অডিট বিভাগকে ইনস্টিটিউশন হিসেবে রুপান্তর করা<br>• বিপিএটিসিকে ন্যাশনাল একাডেমি অব সিভিল এডমিনিস্ট্রেশনে রুপান্তর করা<br>• পদোন্নতির ক্ষেত্রে ভেরিফিকেশনের পরিবর্তে কর্মদক্ষতা (objective, scientific & quantitative) মূল্যায়ন পদ্ধতি অনুসরণ<br>• সচিবালয়ের পিরামিড আকৃতি বজায় রাখতে গ্রেডের পরিবর্তন<br>• মন্ত্রণালয়গুলিকে ক্লাস্টার/থিমেটিক গ্রুপে বিভক্তিকরণ ও গবেষণা ও উন্নয়ন (R&D) সেল প্রতিষ্ঠা<br>• ডিএস পুলে ২৫% কোটা বিলুপ্তি/ কাস্টমস এন্ড এক্সসাইজ/ ট্যাক্স/অডিট এন্ড একাউন্টস ক্যাডারের জন্য ১০% নির্ধারণ<br>• সচিবালয় ও মাঠ প্রশাসনের কর্মচারীদের জন্য অভিন্ন নিয়োগবিধিমালা | মাঠ পর্যায়ের একজন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | • মাঠ প্রশাসনে প্রকল্প এপ্রাইজাল ও পরিবীক্ষণ ইউনিট গঠন<br>• নির্বাহী ও বিচার বিভাগকে স্বাধীন ও স্বচ্ছকরণ<br>• প্রশাসনিক ন্যায়পাল নিয়োগ<br>• ২৫ বছর পর কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে বাধ্যতামূলক অবসরে প্রেরণের বিধান বাতিল<br>• ক্যারিয়ার প্লানিং<br>• রাজনীতিমুক্ত প্রশাসন<br>• ই-গভ◌ঃর্ন্যান্স । | |
| ৭। | • শিক্ষানবিশ পর্যায়ের সকল বুনিয়াদি প্রশিক্ষণ শেষে মাঠপর্যায়ে পদায়ন<br>• বাংলাদেশ এডমিনিস্ট্রেটিভ সার্ভিস গঠন<br>• পদোন্নতি বিধিমালা ২০০২ সংশোধন এবং The BCS (Administration) Composition and Cadre Order, 2024 কার্যকর করা<br>• পদোন্নতির ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন বাতিল<br>• পেশদারিত্বের জন্য ক্যারিয়ার প্ল্যানিং<br>• নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতায়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা নিশ্চিত করা | বিসিএস প্রশাসন ক্যাডার (২৪ তম ব্যাচ) |
| ৮। | **কাঠামো ও তত্ত্বগত বিষয়ঃ**<br>• ভূ-রাজনৈতিক অবস্থানের আলোকে আমলাতন্ত্রের গুরুত্ব অনুধাবন করা<br>• প্রশাসনিক প্রপঞ্চ হিসেবে নয়, আমলাতন্ত্রকে বিবেচনা করতে হবে রাষ্ট্রের সামগ্রিক সক্ষমতা, মর্যাদা ও  স্বার্থ সমুন্নত রাখতে পারে এমন প্রতিষ্ঠান হিসেবে<br>• আমলাতন্ত্রের সম্প্রসারণশীল ভূমিকা ও অবস্থানকে আন্তরিকভাবে গ্রহণ করা<br>• রাজনৈতিক এজেন্ডা নির্ধারণ করা<br>• নীতি নেতৃত্ব পুনরুদ্ধার ও রাষ্ট্রীয় সক্ষমতা সুদৃঢ় করা<br>• আইনগতভাবে দলীয় রাজনীতিমুক্ত ও মেধাভিত্তিক আমলাতন্ত্র<br>• নৈতিক ও জ্ঞানগত উন্নয়ন ।<br>**প্রায়োগিক বিষয়ঃ**<br>• দক্ষতা বৃদ্ধির জন্য বিনিয়োগ বৃদ্ধি (বেতন বৃদ্ধি ও সরকারি/স্বায়ত্তশাসিত সকল প্রতিষ্ঠানের জন্য একই বেতন স্কেল<br>• স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা<br>• অবসরের অন্ততঃ ৫ বছর কোন উন্নয়ন সহযোগীর কনসালটেন্সির সুযোগ রহিত করা<br>• পেশাগত সার্ভিসসমূহের আধিকারিকদের নিজ নিজ পেশায় দক্ষ ও বিশষজ্ঞ হিসেবে গড়ে ওঠার সুযোগ সৃষ্টি<br>• ক্যাডার সংখ্যা সীমিত/যৌক্তিককরণ<br>• দক্ষ ও সৃজনশীল আমলাতন্ত্র গড়ে তোলা। | ড. মোহাম্মদ মিজানুর রহমান |
| ৯। | বিসিএস ক্যাডার সার্ভিস নিম্নরূপে পুনর্গঠনঃ<br>(ক) বাংলাদেশ এডমিনিস্ট্রেটিভ সার্ভিস<br>(খ) বাংলাদেশ পুলিশ সার্ভিস<br>(গ) বাংলাদেশ ফরেন সার্ভিস<br>(ঘ) বাংলাদেশ অডিট এন্ড একাউন্টস সার্ভিস<br>(ঙ) অন্যান্য ক্যাডারকে পেশাভিত্তিক (প্রকৌশল, | বিয়াম ফাউন্ডেশন গবেষণা ও পরামর্শ সেবা কেন্দ্র (বিএফআরসিএসসি) |

| | | |
|---|---|---|
| | কৃষি...) ক্যাডার হিসেবে গণ্য করে উপযুক্ত প্রশিক্ষণ, সুযোগ সুবিধা প্রদান ও পদোন্নতির সুব্যবস্থা<br>(চ) সকল অধিদপ্তরের প্রধান পদকে গ্রেড-১ -উন্নীত করা এবং সংশ্লিষ্ট ক্যাডারের সদস্যকে উক্ত পদে পদায়ন<br>(ছ) নির্দিষ্ট সময় ও যোগ্যতা অর্জনের পর টাইম স্কেল/সিলেকশন গ্রেড দেয়া<br>(জ) সচিব পদের ১০% সিনিয়র সচিব<br>● দু'টি পৃথক পাবলিক সার্ভিস কমিশন -(ক) ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের জন্য; (খ) ৩য় ও ৪র্থ শ্রেণির জন্য পৃথক কমিশন গঠন<br>● স্বচ্ছ ও রাজনৈতিক প্রভাবমুক্ত নিয়োগ<br>● নিয়োগ পরবর্তী ১ বছরের প্রশিক্ষণ শেষে কর্মকর্তাদের আবশ্যিকভাবে মাঠ পর্যায়ে ২ বছরের জন্য পদায়ন<br>● মন্ত্রণালয়/বিভাগে এক ডেস্কে ২ বছরের অধিক হলে আবশ্যিকভাবে বদলি<br>● উপসচিব পদে সুপিরিয়র সার্ভিস পুল পরীক্ষার মাধ্যমে পদোন্নতি (বাংলাদেশ এডমিনিস্ট্রেটিভ সার্ভিসঃ ৭৫%; অন্যান্য সার্ভিসঃ ২৫%)<br>● অবসরের বয়স ৬০ বছরে উন্নীতকরণ, ২৫ বছর পূর্তিতে বাধ্যতামূলক অবসর রহিতকরণ এবং চাকুরিকাল ২০ বছর হলে ৮০% পেনশন সুবিধায় স্বেচ্ছা অবসরের সুযোগ<br>● আর্থিক ও দাপ্তরিক কাজে স্বচ্ছতা এবং সরকারি কর্মচারির আচরণবিধি প্রতিপালন<br>● স্থায়ী জনপ্রশাসনসংস্কার কমিশন গঠন<br>● সকল মন্ত্রণালয়/দপ্তরের সংস্কার কার্যক্রম পরিবীক্ষণের জন্য মন্ত্রী পরিষদ বিভাগে একটি কেন্দ্রীয় কর্তৃপক্ষ গঠন<br>● জনপ্রশাসনকে শক্তিশালী করতে মাঠ পর্যায়ে একটি কার্যকর মনিটরিং ইউনিট/সেল গঠন<br>● নাগরিকদের সাথে সংযোগ স্থাপন/অংশগ্রহণমূলক সিদ্ধান্তের জন্য প্ল্যাটফর্ম স্থাপন<br>● স্থানীয় সরকারের প্রতিনিধিদের উপর সংসদ সদস্যদের হস্তক্ষেপ রহিতকরণ। | |
| ১০। | • ক্যাডার যার মন্ত্রণালয় তার<br>• Warrant of Precedence সংশোধন করে সকল ক্যাডারের জন্য গ্রেডভিত্তিক সমতা<br>• সকল ক্যাডারের পেশাদারিত্ব নিশ্চিতে ব্যবস্থা গ্রহণ<br>• মেধার ভিত্তিতে জনপ্রশাসন গড়ে তোলা<br>• জনবান্ধব প্রশাসন গড়ে তোলা<br>• সকল ক্যাডারের জন্য সমতার ভিত্তিতে পদ সৃজন এবং সর্বোচ্চ পদে স্ব স্ব ক্যাডার হতে পদায়ন<br>• যথাসময়ে পদোন্নতি নিশ্চিত করা<br>• স্কেল ও পদ/সোপান আপগ্রেডেশন করে সকল ক্যাডারের মধ্যে সমতা আনয়ন<br>• স্ববিভাগে/ক্ষেত্রের কাজের ক্ষমতা/কর্তৃত্ব স্থাপন<br>• বৈদেশিক প্রশিক্ষণ, গবেষণা, শিক্ষাবৃত্তির ক্ষেত্রে সমতা রক্ষা<br>• নিজস্ব অধিক্ষেত্রে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার ক্ষমতা | আন্তঃ ক্যাডার বৈষম্য নিরসন পরিষদ |

| | | |
|---|---|---|
| | • সকল ক্যাডারের প্রশাসনিক পদ পুনর্বিন্যাস/পুনর্গঠন<br>• সকল সুবিধাদির সমতা বিধান। | |
| ১১। | **জনকল্যাণ, আন্তঃক্যাডার দ্বন্দ নিরসন ও একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনঃ**<br><br>• সিভিল সার্ভিসের কাঠামোগত পরিবর্তন<br>• সংবিধান ও বিভিন্ন আইনের সংশোধন<br><br>Bangladesh Public Service Commission নিম্নরূপভাবে পুনর্গঠন করা যেতে পারেঃ<br><br>(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশন<br>(খ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন<br>(গ) বাংলাদেশ জুনিয়র সার্ভিস কমিশন<br><br>**ক) বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশনঃ**<br>• ৩ টি ক্যাডার (প্রশাসন, ফরেন এ্যাফেয়ার্স, ও পুলিশ) বিশিষ্ট সাংবিধানিক প্রতিষ্ঠান হিসাবে গঠন<br>• মোট ১৬০০ নম্বরের (প্রিলিমিনারিঃ ২০০; লিখিতঃ ১২০০, সাইকোলজিক্যাল টেস্টঃ ১০০; মৌখিকঃ ১০০) প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিয়োগ<br>• নিয়োগ পরবর্তি ১৮ মাসের প্রশিক্ষণ (বিভিন্ন ফেজে/দেশে-বিদেশে)<br>• ১৮ মাস প্রশিক্ষণের জন্য একত্রে Masters in Law and Diplomacy সনদ প্রদান (বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে MoU সম্পাদনপূর্বক)<br>• সুনির্দিষ্ট ক্যারিয়ার প্ল্যানিং<br>• পদায়ন ও পদোন্নতির ক্ষেত্রে গোয়েন্দা রিপোর্ট গ্রহণ প্রথা বাতিল<br>• Bangladesh Civil Service Act ও Civil Service Protection Act (তৈরি করে) এর আওতায় নিয়োগ ও পদোন্নতি, বেতন কাঠামোসহ বিভিন্ন সুযোগ-সুবিধা নির্ধারণ ও প্রদান ।<br><br>**খ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনঃ**<br>• বিভিন্ন সেবা প্রদানের জন্য ভিন্ন ভিন্ন সিলেবাসের আওতায় পেশাভিত্তিক (শিক্ষক/চিকিৎসক/প্রকৌশলী) নিয়োগ<br>• Bangladesh Civil Service Act এর আওতায় নিয়োগ ও পদোন্নতি, বেতন কাঠামোসহ বিভিন্ন সুযোগ-সুবিধা নির্ধারণ ও প্রদান<br>• ৬ মাসের (বিভিন্ন ফেজে/দেশে-বিদেশে) প্রশিক্ষণ ও স্ব-স্ব দক্ষতাভিত্তিক এবং ডিপ্লোমা সনদ প্রদান<br>• স্ব-স্ব পেশায় ৭ম গ্রেডে যোগদান ও গ্রেড-২ পর্যন্ত সর্বোচ্চ পদোন্নতি<br>• বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশনের আওতাভুক্ত কোন পদে পদোন্নতি/আসার সুযোগ রহিতকরণ। | বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন |

**গ) বাংলাদেশ জুনিয়র সার্ভিস কমিশনঃ**

- মন্ত্রণালয় ভিত্তিক এবং অধঃস্তন/স্বায়ত্তশাসিত সংস্থার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ শ্রেণী/গ্রেডে কর্মচারী, গাড়ী চালক পদে নিয়োগ/পদায়ন, বেতন-ভাতাসহ সকল সুযোগ সুবিধা
- ৩ মাসের প্রশিক্ষণ (ফাউন্ডেশনঃ ২ মাস, রিফ্রেশার্স কোর্সঃ১ মাস)
- বিদ্যমান ৬০ ঘন্টা বাৎসরিক প্রশিক্ষণ
- বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশনের আওতাভুক্ত কোন পদে পদোন্নতি/আসার সুযোগ রহিতকরণ।

**নিরপেক্ষ স্বচ্ছ ও জবাবদিহিতামূলক জনপ্রশাসন**

- APA কার্যকর করা
- সমন্বিত ই-সরকার ব্যবস্থা চালু
- অভ্যন্তরীণ নিরীক্ষা ও নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সামাজিক নিরীক্ষা চালু
- রাজনৈতিক প্রভাব ও হস্তক্ষেপ বন্ধ করার জন্য আইনি কাঠামো প্রণয়ন
- হুইসেলব্লোয়ার ব্যবস্থা প্রয়োগ
- জনপ্রশাসন বিকেন্দ্রীকরণ ও স্থানীয় সরকার ব্যবস্থায় পরিবর্তন ও অংশগ্রহণমূলক প্রশাসন রাজনৈতিক প্রভাব ও হস্তক্ষেপ বন্ধ করার জন্য আইনি কাঠামো প্রণয়ন
- উপজেলা সাবরেজিস্ট্রার অফিসের কার্যক্রম সহকারী কমিশনার (ভূমি ও উন্নয়ন) সার্কেলের আওতাধীন করা

**আন্তঃক্যাডার ও আন্তঃসার্ভিস দ্বন্দ নিরসনে নিয়োগ ও পদোন্নতি**

- পেশাভিত্তিক সুনির্দিষ্ট পদ সোপান
- সেবা বিকেন্দ্রীকরণ
- জমির উন্নয়ন কর মওকুফ বিধান বাতিল
- অন লাইন ভিত্তিক সেবা কার্যক্রম
- তথ্য ও জনসেবা কেন্দ্র স্থাপন
- সিভিল প্রশাসনে সামরিক বাহিনীর সদস্যদের অন্তর্ভূক্তি বারিতকরণ
- NID কে জাতীয়  সেবা্ সহজীকরণ (পৌর ও সিটি পুলিশ গঠন, সার্ভায়ারের পদ সৃজন)
- শিক্ষার মান উন্নয়ন তদারকি কমিটি গঠন
- স্থানীয়/মাঠ পর্যায়ে মানসম্মত সেবা প্রদানে প্রয়োজনীয় জনবল নিয়োগ, ফি ও কর বৃদ্ধি, ২৫ বিঘা পর্যন্ত কৃষি তথ্য ভান্ডারের যোগসূত্র হিসাবে রূপান্তর
- ভূমি সেবা ও উন্নয়ন প্রকল্পের কাজে API (Application Programming Interface) প্রচলন
- বাজেট ও উন্নয়ন প্রকল্পের কাজে Bottom up অনুসরণ
- অর্থ বছর জুলাই-জুন এর পরিবর্তে এপ্রিল-মে নির্ধারণ
- রাজনৈতিক অযাচিত হস্তক্ষেপ বন্ধকরণ
- উপজেলা ও জেলা পরিষদ পদ্ধতি বাতিল
- স্থানীয় সরকার নির্বাচন রাজনৈতিক দল নিরপেক্ষ করা

- আউট সোর্সিং প্রথা সীমিতকরণ
- ভূমি সেবার মান বৃদ্ধি ও ভূমি সম্পর্কিত কর/ফি যৌক্তিকীকরণ
- Warrant of Precedence সংশোধন
- জেলার আইন শৃঙ্খলার সভাপতি হিসেবে জেলা ম্যাজিস্ট্রেটকে “Justice of Peace” হিসাবে অন্তর্ভূক্তি ও মেট্রোপলিটন এলাকায় ১৪৪ ধারা প্রয়োগের ক্ষমতা প্রদান
- নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক আমলী আদালত পরিচালনা
- বিভাগীয় শহরে হাই কোর্টের বেঞ্চ স্থাপন
- পুলিশ আইন ও বিধানাবলির যথাযথ প্রয়োগ, প্রয়োজনে বাতিল, সংশোধন ও পরিবর্তন
- দুর্নীতি দমন কমিশন এর ক্ষমতায়ন ও শক্তিশালীকরণ
- মন্ত্রণালয় ভিত্তিক এবং অধঃস্তন/স্বায়ত্তশাসিত সংস্থার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ শ্রেণী/গ্রেডে কর্মচারী, গাড়ী চালক পদে নিয়োগ/পদায়ন, বেতন-ভাতাসহ সকল সুযোগ সুবিধা
- ৩ মাসের প্রশিক্ষণ (ফাউন্ডেশনঃ ২ মাস, রিফ্রেশার্স কোর্সঃ ১ মাস)
- বিদ্যমান ৬০ ঘন্টা বাৎসরিক প্রশিক্ষণ
- বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশনের আওতাভুক্ত কোন পদে পদোন্নতি/আসার সুযোগ রহিতকরণ।

**নিয়োগ ও পদোন্নতিঃ**

- পেশাভিত্তিক সুনির্দিষ্ট পদ সোপান (৭ম হতে গ্রেড-২)
- সেবা বিকেন্দ্রীকরণ

**প্রান্তিক পর্যায় পর্যন্ত সেবা সহজ ও সহজলভ্য করাঃ**

- পৌর ও সিটি পুলিশ গঠন, সার্ভায়ারের পদ সৃজন
- রাজনৈতিক অযাচিত হস্তক্ষেপ বন্ধকরণ
- স্কুল/কলেজে  শিক্ষার মান উন্নয়ন “তদারকি কমিটি” গঠন
- জনবল নিয়োগ, ফি ও কর বৃদ্ধি ও ২৫ বিঘা পর্যন্ত কৃষি জমির উন্নয়ন কর মওকুফ বিধান বাতিল
- অন লাইন ভিত্তিক সেবা কার্যক্রম, তথ্য ও জনসেবা কেন্দ্র স্থাপন
- সিভিল প্রশাসনে সামরিক বাহিনীর সদস্যদের অন্তর্ভুক্তি বারিতকরণ
- NID কে তথ্যভাণ্ডারের যোগসূত্রে রূপান্তর
- উন্নয়ন প্রকল্পের কাজে API (Application Programming Interface) প্রচলন
- Bottom-up approach অনুসরণ করা
- উপজেলা ও জেলা পরিষদ পদ্ধতি বাতিল
- স্থানীয় সরকার নির্বাচন
- আউটসোর্সিং সীমিতকরণ

**ভূমি সেবার মান বৃদ্ধি ও ভূমি সম্পর্কিত কর/ফি যৌক্তিকীকরণ**

- ভূমি সংক্রান্ত সকল তথ্য একই প্লাট ফর্মে নামজারী ও জমা খারিজ ফি যৌক্তিক বৃদ্ধি

| | | |
|---|---|---|
| | • ডিজিটাল ভূমি জরিপ ও The Survey and Settlement Manual 1935 যথাযথ ব্যবহার<br>• ভূমি উন্নয়ন কর যৌক্তিকীকরণ<br>• ৫ বিঘা পর্যন্ত কৃষি জমির ভূমি উন্নয়ন কর মওকুফ।<br><br>**জনবান্ধব কার্যক্রম ও সুশাসনের জন্য আইনি ও প্রশাসনিক সংস্কার**<br>• Warrant of Precedence সংশোধন<br>• পুলিশ সুপারের পার্ট ACR জেলা ম্যাজিস্ট্রেটের হাতে ন্যস্ত<br>• জেলা ম্যাজিস্ট্রেটকে জেলার আইন কমিটির শৃঙ্খলার সভাপ্তি পদ, "Justice of Peace" হিসাবে অন্তর্ভূক্তি ও মেট্রোপলিটন এলাকায় ১৪৪ ধারা প্রয়োগের ক্ষমতাপ্রদান<br>• নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক আমলী আদালত পরিচালনা<br>• বিভাগীয় শহরে হাই কোর্টের বেঞ্চ স্থাপন<br>• পুলিশ আইন ও বিধানাবলির যথাযথ প্রয়োগ, প্রয়োজনে বাতিল, সংশোধন, পরিমার্জন ও পরিবর্তন<br>• রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে আইনগতভাবে শক্তিশালীকরণ<br>• Unity of Diversity বজায় রাখা<br>• দুর্নীতি দমন কমিশনের ক্ষমতায়ন ও শক্তিশালীকরণ<br><br>**জনগণের সম্পৃক্ততা**<br>• অংগ্রহণমূলক প্রশাসন বাস্তবায়ন, জবাবদিহিতা, উন্নয়নের ধারাবাহিকতা রক্ষা<br>• আইনি কাঠামোর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চতকরণ<br>• জনবান্ধব সিভিল সার্ভিস গঠন<br>• আইনের শাসন প্রতিষ্ঠা<br>• পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজকে নৈতিক ও আদর্শভাবে গড়ে তোলা।<br>**পুলিশ সংস্কার, জনপ্রশাসনে দ্বৈধতা এবং ন্যায়বিচার**<br>• বিদ্যমান নিয়ম-নীতি মেনে পুলিশের কার্যাদি পরিচালিত হতে পারে<br>• দ্রুত সেবাদানের জন্য রেগুলেশন ১৯৪৩ আধুনিকায়ন<br>• জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক পুলিশ সুপারের পার্ট ACR<br>• জেলা ম্যাজিস্ট্রেটকে Justic of Peace হিসেবে Code of Criminal Procedure –এর Section 25 এ উল্লেখ<br>• IGP র পদ মর্যাদা Warrant of Precedence –এ সচিব পদের এক ধাপ নীচে নির্ধারণ<br>• জেলা প্রশাসন, পুলিশ সুপার এবং জেলা ও দায়রা জজের সম্মিলিত/ Tringle relationship এর মাধ্যমে অপরাধ দমন ও সেবা প্রদান। | |
| ১২। | • প্রশাসনের সকল স্তরে নির্বাচিত জনপ্রতিনিধিদের ক্ষমতায়ন<br>• জনপ্রশাসনকে জনবান্ধব করা<br>• জনপ্রশাসনে নিরপেক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চতকরণ<br>• মন্ত্রণালয়/বিভাগসমূহকে গুচ্ছে (cluster) বিভাজন<br>• সচিবালয়ের উপসচিব হতে সচিব পদসমূহে সকল ক্যাডারের জন্য উন্মুক্ত করা<br>• শুন্য পদের বিপরীতে মেধার ভিত্তিতে পদোন্নতি | বিসিএস (কাস্টমস ও ভ্যাট) ক্যাডার/এসোসিয়েশন |

| | | |
|---|---|---|
| | • কোটা নয়, মেধাভিত্তিক পদোন্নতি ও পদায়ন<br>• উপ সচিব পদে নিজ মন্ত্রণালয়ের সংরক্ষিত পদ ১০%-১৫%<br>• বিভাগীয় পদোন্নতি কমিটি ও এসএসবি-তে সংশ্লিষ্ট ক্যাডারের জ্যেষ্ঠ সদস্যকে অন্তর্ভুক্তকরণ<br>• জাতীয় রাজস্ববোর্ড (NBR) ও অভ্যন্তরীন সম্পদ বিভাগ (IRD) একীভূতকরণ | |
| ১৩। | • জনকল্যাণমূলক রাষ্ট্র গঠনের জন্য জনমুখী, জবাবদিহিতামূলক, দক্ষ ও নিরপেক্ষ জনপ্রশাসন গড়ে তোলা<br>• ক্যাডার যার মন্ত্রণালয় তার (মন্ত্রণালয়ের সর্বোচ্চ পদে সংশ্লিষ্ট ক্যাডার কর্মকর্তা পদায়ন)<br>• মেধার ভিত্তিতে, বৈষম্যহীন ক্যাডার ভিত্তিক পেশাদার প্রশাসন গড়ে তোলা<br>• উপসচিব হতে পরবর্তি পদধাপসমূহে কোটা পদ্ধতি বাতিল করে উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে পদোন্নতি<br>• ব্যাচভিত্তিক পদোন্নতি ও সুপার নিউমারি পদ সৃষ্টি বন্ধ করা<br>• আন্তঃক্যাডার বৈষম্য দূরীকরণে নীতিমালা প্রণয়ন<br>• রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক ক্যাডারের জন্য ন্যুনতম ১ (এক) টি গ্রেড-১ পদ সৃষ্টি, সাধারন ও টেকনিক্যাল পদের কর্মকর্তাদের কমন সিনিয়রিটি করা এবং নীতিমালা তৈরি করে পদোন্নতি প্রদান<br>• রেলওয়ে অগ্রগণ্য দেশে বাংলাদেশ মিশনে পদ সৃজন এবং কর্মকর্তা পদায়ন<br>• দেশে ও বিদেশে সেমিনার, প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি। | বিসিএস (রেলওয়েঃ পরিবহন ও বানিজ্যিক) ক্যাডার/রেলওয়ে এসোসিয়েশন অফ ট্রান্সপোর্টেশ এন্ড কমার্শিয়াল অফিসার্স (ব্রাটকো) |
| ১৪। | • "ক্যাডার যার মন্ত্রণালয় তার" (কৃত্য পেশাভিত্তিক মন্ত্রণালয় গঠন)<br>• ব্যাচ ভিত্তিক পদোন্নতি<br>• অনুষ্ঠান, বার্তা ও পিআইডি/গণযোগাযোগ একীভূত করা<br>• উপসচিব পদে কোটা বাতিল করে সরাসরি পরীক্ষার মাধ্যমে মেধাভিত্তিতে পদোন্নতি | বিসিএস তথ্য- সাধারণ বেতার কর্মকর্তা কল্যাণ সমিতি |
| ১৫। | • প্রধান প্রকৌশলীর পদটি গ্রেড-১ এবং ৪ র্থ গ্রেডের পদ গ্রেড-৩ এ উন্নীতকরণ<br>• ব্যাচ ভিত্তিক পদোন্নতি<br>• ৪ র্থ গ্রেডের কর্মকর্তাদের সুদমুক্ত গাড়ির ঋণ সুবিধা<br>• ক্যাডারের প্রবেশ পদ (বিদ্যমান ১৭৭) এর আনুপাতিক হারে উপসচিব পদে পদোন্নতি<br>• তথ্য- প্রকৌশল অধিদপ্তর গঠন<br>• নিজস্ব প্রশিক্ষণ একাডেমী প্রতিষ্ঠা<br>• নিয়মিত সেমিনার, দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, উচ্চ শিক্ষা ও গবেষণার সুযোগ । | বিসিএস (তথ্য) প্রকৌশল বেতার কর্মকর্তা কল্যাণ সমিতি |
| ১৬। | • ক্যাডার যার মন্ত্রণালয় তার (কৃত্য পেশাভিত্তিক মন্ত্রণালয় গঠন) | বিসিএস ফুড ক্যাডার এসোসিয়েশন |

| | | |
|---|---|---|
| | • Warrant of Precedence এর পুর্নবিন্যাস/সংশোধন করে সকল ক্যাডারের প্রাপ্তির সমতা বিধান<br>• ব্যাচ ভিত্তিক সকল ক্যাডারের জন্য ইউনিক আইডি চালু, ব্যাচ ভিত্তিক পদোন্নতি<br>• সরকারি সাধারণ সুযোগ সুবিধা সকল ক্যাডারের সমান প্রাপ্যতা নিশ্চিতকরণ<br>• ক্যাডার নির্বিশেষে সিনিয়র/জুনিয়র শিষ্টাচার ও সদাচারন প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ<br>• ডিএস পূলের কোটা পদ্ধতি বাতিল করে সরাসরি পরীক্ষার মাধ্যমে মেধাভিত্তিতে পদায়ন/পদোন্নতি<br>• সাংগঠনিক কাঠামো পুর্নবিন্যাস, পদ সৃজন, গ্রেড উন্নীতকরণ, পদনাম পরিবর্তন<br>• ক্যাডারের কারিগরি কর্মকর্তাদের কারিগরি কাজে সম্পৃক্ত রাখা<br>• ১৫ টি খাদ্য নিয়ন্ত্রকের পদ (নতুন সৃষ্ট) সচিব কমিটির সভায় অনুমোদনের ব্যবস্থা গ্রহণ<br>• খাদ্য বিভাগীয় সকল আইন, পরিপত্র বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদিতে ক্যাডার কর্মকর্তাদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রদান<br>• মাঠ পর্যায়ে দাপ্তরিক কাজে প্রশাসন ক্যাডারের অযাচিত হস্তক্ষেপ বন্ধ করা । | |
| ১৭। | • স্ব স্ব ক্যাডার কর্মকর্তাদের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালনা<br>• গনপূর্ত ক্যাডারকে Warrant of Precedence এ অন্তর্ভূক্তিকরণ এবং সমতাভিত্তিক গ্রেড ও জেষ্ঠতা প্রদান<br>• ডিএস পূলের কোটা পদ্ধতি বাতিল করে সরাসরি পরীক্ষার মাধ্যমে মেধাভিত্তিতে পদায়ন/পদোন্নতি<br>• প্রশিক্ষণ/উচ্চ শিক্ষাসহ সকল ক্ষেত্রে সকল ক্যাডারের মধ্যে সমতা বিধান<br>• পেশাদার প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা অর্জনে বিশেষায়িত ক্যাডারসমূহকে গুরুত্ব প্রদান<br>• ব্যাচ ভিত্তিক পদোন্নতি এবং পদায়নের সময় প্রাপ্য গ্রেড প্রদান<br>• বিভিন্ন সুযোগ-সুবিধার ক্ষেত্রে সকল ক্যাডারের মাঝে সমতা বিধান, ৫ গ্রেড হতে সুদমুক্ত গাড়ির ঋণ সুবিধা প্রদান<br>• সুপিরিয়র সার্ভিস কমিশন গঠন ও সুপিরিয়র সার্ভিসেস পুল (SSP) পদ্ধতি ও প্রতিযোগিতামূলক পরীক্ষা চালু<br>• পারস্পরিক সম্বোধনের ক্ষেত্রে আন্তঃক্যাডার ও ব্যাচ ভিত্তিক সম্মান প্রদর্শনের রীতি চালু<br>• আবশ্যিকভাবে একক ও অভিন্ন ক্যাডার সার্ভিস বিধিমালা অনুসরণ<br>• রুলস অফ বিজনেস-১৯৯৬ যথাযথভাবে অনুসরণ করা<br>• গনপূর্ত ক্যাডার সদস্যদের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, জাতীয় গুরুত্বপূর্ণ বিশেষায়িত কারিগরী প্রকল্প/সংস্থায় পদায়ন/নিয়োগ<br>• সর্বশেষ ৫ বছরের অডিট আপত্তি নিষ্পত্তি সাপেক্ষে পেনশন অনুমোদন<br>• মাঠ পর্যায়ে গনপূর্ত প্রকৌশলীদের ব্যবহৃত যানবাহনকে “পরিদর্শন যান”হিসেবে নামকরণ ও জ্বালানী তেলের প্রাপ্যতা যৌক্তিক করা। | বিসিএস পাবলিক ওয়ার্কস ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন |

| | | |
|---|---|---|
| ১৮। | • কর্মপদ্ধতিগত ও প্রাতিষ্ঠানিক সংস্কার, আইন, নীতি ও কৌশল প্রণয়ন, হালনাগাদকরণ<br>• ক্যাডার যার মন্ত্রণালয় তার<br>• ডিএস পুলের কোটা বাতিল করে মেধাভিত্তিক ও ব্যাচভিত্তিক পদোন্নতি<br>• সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস (পদ সৃজন, গ্রেড উন্নতিকরণ, ফিডার পদে কর্মকাল শিথিল)<br>• TO&E হালনাগাদকরণ, গাড়ী সুবিধা বৃদ্ধি<br>• স্বীয় কর্ম অধিক্ষেত্রে মৎস্য আইন বাস্তবায়নের পূর্ণ ক্ষমতা প্রদান<br>• প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষার সুযোগসহ মানবসম্পদ উন্নয়ন<br>• উপযুক্ত কোর্সসম্পন্নকারী কর্মকর্তাদের চিকিৎসা ব্যবস্থাপনা প্রদানের ক্ষমতা প্রদান<br>• অঞ্চল ভিত্তিক মৎস্যব্যবস্থাপনা গড়ে তোলা, দপ্তর প্রতিষ্ঠা, সুন্দরবনে বিশেষ ইউনিট স্থাপন<br>• ইউনিয়ন পর্যায়ে কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবলের পদ সৃষ্টি ও নিয়োগ<br>• খাস খতিয়ানভুক্ত জলমহালগুলো মৎস্যঅধিদপ্তরকে ইজারা প্রদান ও জৈবিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণ<br>• স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে নির্বাচিত জলাশয়ে মৎস্য সম্পদের উন্নয়ন ও দীর্ঘ মেয়াদে জীববৈচিত্র রক্ষা<br>• খামার নিবন্ধন, বাজার নিয়ন্ত্রন। | বিসিএস মৎস্য ক্যাডার |
| ১৯। | • ক্যাডার যার মন্ত্রণালয় তার<br>• Warrant of Precedence -এ গ্রেড ভিত্তিক সমতা বিধান<br>• একাধিক ক্যাডার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে আনুপাতিক হারে এবং পিএসসির মেধাক্রম অনুসরন করে পদায়ন<br>• উপ সচিব পদে হতে ১৯৭৯ সালে গঠিত সুপিরিয়র সার্ভিসেস পুল (SSP) পদ্ধতি চালু করা<br>• সকল ক্যাডারের জন্য বিসিএস ব্যাচভিত্তিক পদোন্নতি প্রদান<br>• পদ স্বল্পতায় ইনসিটু এবং বঞ্চিতদের জন্য ভূতাপেক্ষ পদোন্নতি প্রদান<br>• গাড়ি সুবিধাসহ বিভিন্ন সুযোগ-সুবিধার ক্ষেত্রে সকল ক্যাডারের সমতা বিধান<br>• জেলা/উপজেলা সমন্বয় সভা ডিসি/ইউএনও পরিবর্তে বিসিএস ব্যাচে সিনিয়র কর্মকর্তা সভাপতিত্বে অনুষ্ঠিত হওয়া<br>• অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস, গ্রেড উন্নয়ন, পদ সৃজন<br>• মাঠ পর্যায়ের কাজে অন্য ক্যাডারের হস্তক্ষেপ বন্ধ করা<br>• সংশ্লিষ্ট আইন ও বিধিমালা বাস্তবায়নের প্রশাসনিক ক্ষমতা প্রদান (মোবাইল কোর্ট পরিচালনা)<br>• **ভেটেনারি সার্ভিস**-কে **ইমারজেন্সি সার্ভিস** হিসেবে ঘোষণা করা। | বিসিএস লাইভস্টক ক্যাডার এসোসিয়েশন |
| ২০। | • ক্যাডার যার মন্ত্রণালয় তার (ক্যাডারভিত্তিক মন্ত্রণালয় প্রতিষ্ঠা)<br>• Warrant of Precedence -এ গ্রেড ভিত্তিক সমতা নিশ্চিতকরণ | বিসিএস (পোস্টাল) এসোসিয়েশন |

| | | |
|---|---|---|
| | • বিসিএস ব্যাচ ভিত্তিক পদোন্নতি ও সকল সুযোগ-সুবিধা প্রাপ্তির সমতা<br>• সুপিরিয়র সার্ভিসেস পুল (SSP) পদ্ধতি পুনরায় চালু করা<br>• প্রয়োজনীয় জনবল ও লজিস্টিক সুবিধাসহ নিম্মক্তো পদ ও দপ্তর প্রতিষ্ঠার প্রস্তাবঃ<br>  ○ পোস্টমাস্টার জেনারেলঃ ৪ টি বিভাগে (বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ)<br>  ○ জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমাঃ ২ টি বিভাগে (চট্টগ্রাম ও খুলনা)<br>  ○ রিজিওনাল ম্যানেজার, ডাক জীবন বীমাঃ ২ টি বিভাগে (বরিশাল ও সিলেট)<br>• বিভিন্ন পদের গ্রেড উন্নিতকরণ ও ৪১ জেলায় পদ সৃজন। | |
| ২১। | • Warrant of Precedence -এ কৃষি ক্যাডারকে অর্ন্তভুক্ত করা<br>• বিসিএস ব্যাচভিত্তিক পদোন্নতি, পদ না থাকলে ইনসিটু পদোন্নতি<br>• উপসচিব পদে বিদ্যমান কোটা পদ্ধতি বাতিল ও উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে মেধাভিত্তিক পদোন্নতি<br>• স্থায়ী সার্ভিস কমিশন গঠন<br>• জেলা/উপজেলা পর্যায়ে সার, বীজ, কৃষি ও কৃষি পুর্নবাসন সংক্রান্ত সকল কমিটির সভাপতি পদে মনোনয়ন ও আর্থিক ক্ষমতা প্রদান<br>• দূতাবাসসমূহে কৃষি ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন<br>• সুদমুক্ত গাড়ির ঋণ সুবিধা<br>• কৃষি বিষয়ক আইন, বিধি ও নীতিমালা বাস্তবায়নে ভ্রাম্যমান আদালত পরিচালনার দায়িত্ব/ক্ষমতা প্রদান<br>• ৩য় গ্রেড পর্যন্ত পদোন্নতি বিভাগীয় পদোন্নতি কমিটির মাধ্যমে<br>• পদোন্নতির ক্ষেত্রে মোট চাকুরীকাল বিবেচনা করা<br>• মহাপরিচালক (গ্রেড-১) কে ৩য় গ্রেড পর্যন্ত বদলী/পদায়নের ক্ষমতা প্রদান<br>• দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণে সংশ্লিষ্ট কারিগরি কর্মকর্তাদের মনোনয়ন<br>• পদোন্নতি বঞ্চিতদের জন্য ভূতাপেক্ষ পদোন্নতি<br>• ডিজি (বীজ) পদে কৃষি ক্যাডার হতে পদায়ন<br>• জনপ্রশাসন সংস্কার কমিটিতে অবসরপ্রাপ্ত দুই জন প্রতিনিধি। | বিসিএস কৃষি এসোসিয়েশন |
| ২২। | **প্রধান প্রস্তাবঃ**<br>• প্রশাসন ক্যাডারের সাথে একীভূতকরণ<br>**বিকল্প প্রস্তাবঃ**<br>• বিসিএস (ট্রেড) ক্যাডারের সংস্কার ও শক্তিশালীকরণ<br>• নিম্মোক্ত পদসমূহ ক্যাডারের সিডিউলভুক্ত করাঃ<br>  ○ বৈদেশিক মিশনসমূহের বাণিজ্যিক উইং এর পদসমূহ<br>  ○ বানিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন উইং এর পদসমূহ<br>  ○ দপ্তর/সংস্থাসমূহের আমদানী/রপ্তানী কাজের সাথে সংশ্লিষ্ট পদসমূহ | বিসিএস (ট্রেড) ক্যাডার অফিসার্স এসোসিয়েশন |

| | | |
|---|---|---|
| | • বিভিন্ন দপ্তরে বাণিজ্য ক্যাডারের জন্য নির্ধারিত পদসমূহে ক্যাডার কর্মকর্তাদের পদায়ন<br>• আন্তর্জাতিক মানের  বিশেষায়িত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন<br>• জনবলের পেশাদারিত্ব অর্জনের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি। | |
| ২৩। | • ক্যাডার যার মন্ত্রণালয় তার<br>• সকল ক্যাডারের মর্যাদার সমতা বিধান (সম মর্যাদা, সুযোগ সুবিধা ও কার্য সম্পাদনের স্বাধীনতা)<br>• ব্যাচ ভিত্তিক পৃথক কোড ব্যবহার করে সকল ক্যাডারের জন্য ইউনিক আইডি চালু করা<br>• ব্যাচ ভিত্তিক পদোন্নতি, সার্ভিস লেন্থে না হলে গ্রেড নিশ্চত করা<br>• সিনিয়র সার্ভিস পুল চালুকরণ<br>• উপসচিব হতে অতিরিক্ত সচিব পদে সকল ক্যাডারের উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে পদোন্নতি<br>• প্রধানমন্ত্রীর কার্যালয়ে সকল ক্যাডারের জন্য ডেপুটেশন পদ সৃজন<br>• সিলেকশন গ্রেড পুনঃবহাল<br>• উপজেলা হতে বিভাগীয় পর্যায়ের অফিস প্রধান পদসমূহের গ্রেড যৌক্তিকভাবে সমতা ও বিভাগীয় কার্যালয়ে ৩য় গ্রেডের পদ সৃষ্টি<br>• ব্যাচ ভিত্তিক পদোন্নতি, বিকল্প-সার্ভিস লেন্থ বিবেচনা করা না হলে গ্রেড নিশ্চিত করা<br>• উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পদনাম হতে **পরিবার পরিকল্পনা** অংশ বাদ দেয়া<br>• ক্যাডারের বিভিন্ন পর্যায়ের প্রশিক্ষণ ও সনদ প্রদান BPATC কার্যাবলীতে অন্তর্ভুক্ত করা<br>• BPATC তে সকল ক্যাডারের প্রতিনিধিত্ব থাকা<br>• ক্যাডারের বিশেষায়িত প্রশিক্ষণের জন্য পৃথক প্রশিক্ষণ ইন্সিটিউট স্থাপন। | বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা) অ্যাসোসিয়েশন |
| ২৪। | • রাষ্ট্রীয় পদমর্যাদাক্রমে সিএজি'র পদমর্যাদা কেবিনেট মন্ত্রীর সমান মর্যাদায় অর্থ্যাৎ ৫ম স্থানে উন্নীত করা ও পারিশ্রমিকসহ অন্যান্য সুবিধাদি প্রদান<br>• মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পারিশ্রমিক ও বিশেষ অধিকার) আইন, ১৯৯৮ সংশোধন<br>• বিদ্যমান Audit Act বাস্তবায়ন<br>• সুদমুক্ত গাড়ির ঋণ সুবিধা প্রদান<br>• জেলা ও উপজেলা পর্যায়ের (৬ষ্ট ও ৯ম গ্রেড) অফিস প্রধান কর্মকর্তাদের জন্য গাড়ীর সংস্থান<br>• নিরীক্ষা কাজে কর্মচারীদের জন্য অডিটভাতা চালু<br>• নিরীক্ষা বাবদ আদায়কৃত অর্থের ২০% প্রণোদনা ভাতা প্রদান<br>• প্রি-অডিট কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে আইবাস ++ এর পেমেন্ট এবং হিসাবরক্ষণ মডিউলটি জনবলসহ হিসাবরক্ষণ কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন করা<br>• প্রি-অডিট কার্যক্রমের আইনগত সংস্কার। | বিসিএস (নিরিক্ষা ও হিসাব) ক্যাডার |

| | | |
|---|---|---|
| | • সাংগঠনিক কাঠামো বিদ্যমান, নিয়োগবিধিমালা নেই, বিভিন্ন পদ অস্থায়ীভাবে সৃজিত<br>• গ্রেড-৩ (অতিরিক্ত প্রধান প্রকৌশলী) সহ বিভিন্ন গ্রেডের পদসমূহ অন্যান্য মন্ত্রনালয়/দপ্তরের একই Tire এর সাথে সামঞ্জস্যপূর্ণ করা<br>• নিয়মিত পদোন্নতি ও শূণ্যপদ দ্রুত পূরণ<br>• জনপ্রশাসন মন্ত্রনালয়ে ক্যাডার (প্রশাসপরিবর্তনের সুযোগ সৃষ্টি<br>• জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষন ও উচ্চতর শিক্ষার সুযোগ<br>• নিরাপদ পানি ও স্যানিটেশন বিষয়ক জাতীয় নীতিমালা-১৯৯৮ সময়োপযোগী সংশোধন/পরিমার্জন<br>• National Water Supply and Sanitation Regulatory Commission গঠন করে অধিদপ্তরকে যুক্তকরণ। | বিসিএস (জনস্বাস্থ্য প্রকৌশল) ক্যাডার এসোসিয়েশন |
| ২৫। | **স্বাস্থ্য সেবা**<br>• জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য পরীক্ষার ল্যাবসমূহের উন্নয়ন ও এক্রেডিটেশনের আওতায় আনা, মান সম্মত রোগ নির্ণয় ও পরীক্ষাসমূহ সাশ্রয়ী করা<br>(প্রয়োজনে ভর্তুকি দিয়ে)<br>• নাগরিকদের (সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাভুক্ত নাগরিক ব্যতিরেকে) ক্ষেত্রে বিদ্যমান সার্ভিস চার্জ/ইউজার ফি হাল নাগাদ করা<br>• স্বাস্থ্য বীমা চালু করা<br>• দালাল/কমিশন চক্র প্রতিরোধে সকল স্বাস্থ্য সেবা (সরকারি/বেসরকারি) সরকারি নিয়ন্ত্রনে আনা/নজরদারি করা<br>• সরকারি/বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থার সমন্বয়ের মাধ্যমে সেবা সহজলভ্য নিশ্চিত করা<br>• রোগ প্রতিরোধ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ<br>• Universal Health Coverage এর লক্ষ্যে স্বাস্থ্য ব্যবস্থাপনার প্রশাসনিক ও ক্লিনিক্যাল পদসমূহ চাহিদা অনুযায়ী পুনঃবিন্যাসসহ অবকাঠামগত উন্নয়ন, জনবল, বাজেট ও অন্যান্য প্রয়োজনীয় সেবা-সরবরাহের সমন্বয় নিশ্চিত করা<br><br>**ক্যাডার সম্পর্কীত**<br>• কৃত্য পেশাভিত্তিক মন্ত্রণালয় প্রতিষ্ঠা<br>• ক্যাডারের স্বতন্ত্র ক্যারিয়ার প্ল্যানঃ নিয়োগ প্রক্রিয়া, প্রথম নিয়োগ, পদায়ন, নিয়মিত পদোন্নতি, অবসর, চাকুরীকালীন প্রশিক্ষণ (দেশে ও বিদেশে) বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা থাকা আবশ্যক<br>• উচ্চ পদে পদোন্নতির শর্তসমূহ সংস্কার ও সকল প্রকার সরকারি সুযোগ সুবিধা প্রাপ্তিতে আন্তঃক্যাডার সমতা বিধান<br>• চিকিৎসক ও রোগীর পারস্পরিক সম্পর্ক উন্নয়নে স্বাস্থ্য সুরক্ষা আইনের যথাযথ প্রয়োগ<br>• জনবান্ধব স্বাস্থ্য খাতের জন্য রাজনীতি/দলীয় প্রভাবমুক্ত, স্বজন প্রীতি ও দুর্নীতিমুক্ত স্বাস্থ্য প্রশাসন গড়ে তোলা<br>• সরকারি ছুটির দিন/সময়ে অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রনোদনার ব্যবস্থা | বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার |

| | | |
|---|---|---|
| | • পদোন্নতি ও অন্যান্য কাজের জন্য HRIS data base থাকা<br>• জেলায় ৬ষ্ঠ গ্রেডের ১ টি, জেলা/উপজেলায় ৩ টি ৯ম গ্রেডের ডেন্টাল সার্জন পদ সৃজন ও স্বাস্থ্য অধিদপ্তরসহ বিভিন্ন প্রশাসনিক পর্যায়ে বিষয়ভিত্তিক/প্রশাসনিক পদ সৃষ্টি<br>• ১ জন চিকিৎসকঃ ৩ নার্সঃ ২ জন মেডিকেল এসিস্ট্যান্টঃ ৫ জন ৪র্থ শ্রেণীর কর্মচারি অনুপাতে পদ সৃষ্টি<br>• স্বাস্থ্য পুলিশিং ও ম্যাজিট্রেসি ব্যবস্থা চালু করা এবং স্বাস্থ্য ক্যাড্যার সদস্যদের দায়িত্ব প্রদান<br>• মাঠ পর্যায়ে চিকিৎসকদের আবাসন/বাসস্থান ও তাঁদের সন্তানদের আনন্দময় পরিবেশ জন্য শিক্ষার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা | |
| ২৬। | • স্বাস্থ্য বিভাগীয় ইনস্টিটিউটসমূহের প্রশাসনিক সংস্কারের জন্য অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজন-<br>• স্বাস্থ্য সেবা সম্প্রসারণের লক্ষ্যে বিধি বিধানের সঠিক প্রয়োগ ও জবাবদিহিতা<br>• টেন্ডার ও ক্রয়/বিক্রয় সংশ্লিষ্ট অনিয়ম ও দুর্নীতি রোধ<br>• কর্মক্ষেত্রে চিকিৎসকদের উপস্থিতি বৃদ্ধি এবং সেবার মান বৃদ্ধিতে ব্যবস্থা গ্রহণ<br>• ঔষধ সরবরাহ, পথ্যের মান ও শয্যা সংখ্যা বৃদ্ধি এবং প্রয়োজন হলে এজন্য স্বাস্থ্য খাতের বরাদ্দ বৃদ্ধি<br>• সেবা দাতা/গ্রহিতা উভয়ের দায়িত্ব ও অধিকার বিষয়ে সুনির্দিস্ট আইনি কাঠামো নির্ধারণ, প্রয়োজনীয় সংস্কার ও বিএমডিসি-র আইনের যথাযথ প্রয়োগ বাড়াতে হবে<br>• দক্ষ জনবল তৈরির লক্ষ্যে নিয়োগের দীর্ঘসূত্রিতা পরিহার, মেধার ভিত্তিতে নিয়োগ, বদলী ও পদোন্নতি নিশ্চিত করা<br>• কার্যকর স্বাস্থ্য জনশক্তি ব্যবস্থাপনা গড়ে তোলার জন্য ইনস্টিটিউটসমূহের স্বায়ত্বশাসনের বিষয়টি বিবেচনায় নেয়া<br>• পদোন্নতি বোর্ড/কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ের সিনিয়র অধ্যাপক/বিশেষজ্ঞকে অন্তর্ভুক্ত রাখা<br>• আধুনিক ও যুগোপযোগী চিকিৎসা শিক্ষা ব্যবস্থা চালু, দেশে/বিদেশে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি<br>• চিকিৎসা সেবায় আধুনিক প্রযুক্তির ব্যবহার ও সম্প্রসারণ<br>• ইনস্টিটিউটসমূহের প্রধানদের ক্ষমতায়ন, পদ ও পদ মর্যাদা বৃদ্ধি<br>• সার্বিক নিরাপত্তার স্বার্থে ইনস্টিটিউট ভিত্তিক/সম্মিলিতভাবে স্বাস্থ্য পুলিশ ক্যাম্প গঠন করা<br>• স্বাস্থ্য প্রশাসন, সেবা দাতা ও গ্রহিতার মধ্যে পারস্পরিক সংবেদনশীলতা ও আস্থা স্থাপন। | স্বাস্থ্য বিভাগীয় ইনস্টিটিউটসমূহের প্রশাসনিক সংস্কারের লক্ষ্যে করণীয় অধ্যাপক ডাঃ আব্দুল ওয়াদুদ চৌধুরী |
| ২৭। | • “বাংলাদেশ স্বাস্থ্য কমিশন” কে আইনগতভাবে ক্ষমতায়ন/কার্যকর করা<br>• স্বাস্থ্য সেবায় নিয়োজিত বিভিন্ন মন্ত্রণাল্য/কর্তৃপক্ষে বিক্ষিপ্তভাবে নিয়োজিত জনবলের (Health Work Force মোটিভেট করা ও সম্ভাব্য ক্যারিয়ার প্ল্যান (clinical & allied care; academic (teaching/research; public health (preventive/promotive), health system administration))<br>• সুনির্দিষ্ট বেতন ভাতার ব্যবস্থা | অধ্যাপক (ডাঃ লিয়াকত আলী) |

| | | |
|---|---|---|
| | • অন্যান্য পেশার ন্যায় উচ্চ শিক্ষা ব্যাতিরেকে চিকিৎসা প্রশাসনে পদোন্নতির (Sr./Principal/Chief Medical Officer) সুযোগ সৃষ্টি | |
| ২৮। | **শিক্ষায় সংস্কার**<br><br>• জাতীয় অগ্রাধিকার তালিকায় শিক্ষার স্থান সুনির্দিষ্ট করা<br>• শিক্ষা খাতে জিডিপির অনুপাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি<br><br>**অন্যান্যঃ**<br>• Warrant of Precedence -এ শিক্ষা ক্যাডারের অবস্থান সুস্পষ্ট করা<br>• শিক্ষা প্রশাসনের উচ্চতর পদে ক্যাডার কর্মকর্তাদের পদায়ন<br>• ছাত্র শিক্ষক আদর্শ অনুপাত (মাধ্যমিক- ১:৩ ও উচ্চ শিক্ষা-১:১৫) নিশ্চিত করা<br>• পদোন্নতি ক্যালেন্ডার প্রস্তুত ও নিয়মিত পদোন্নতি<br>• ডিএস পুলে উন্মুক্ত পরীক্ষার সুযোগ<br>• গ্রেড, পদ ও বেতন বৈষম্য নিরসন, পদ সৃজন<br>• প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন<br>• মাউশির সক্ষমতা অর্জনে সহায়তা, ডিজিকে যথাযথ প্রশাসনিক ক্ষমতা প্রদান<br>• প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রিকরণ<br>• জাতীয় বিশ্ববিদ্যালয়ে (NU) শিক্ষা ক্যাডারের প্রতিনিধিত্ব/পদায়ন<br>• NU-র বিভিন্ন কাজে (উত্তরপত্র মূল্যায়ন, মাঠ পরিদর্শনের দায়িত্ব প্রদান) বিদ্যমান বৈষম্য হ্রাসে পদক্ষেপ<br>• সরকারী কলেজ অধ্যক্ষদের জন্য গাড়ী সুবিধা/বরাদ্দ<br>• পি আর এল ও অবসর সুবিধার সমতা । | বিসিএস (সাধারন শিক্ষা) ক্যাডার |
| ২৯। | • স্বায়ত্তশাসন বৃদ্ধি করা<br>• প্রতিষ্ঠান প্রধান/মহাপরিচালক পদের গ্রেড ১ উন্নতিকরণ ও সার্চ কমিটির মাধ্যমে নিয়োগ<br>• বিওজি-র ক্ষমতা বৃদ্ধি<br>• গবেষণাধর্মী প্রতিষ্ঠান বিবেচনায় পৃথক বেতন কাঠামো ও সুযোগ সুবিধা প্রদান<br>• চাকুরীর বয়স ৬৫ বছর ও স্বেচ্ছা অবসর ২০ বছর নির্ধারণ<br>• মানব সম্পদ উন্নয়নের জন্য ক্যারিয়ার প্লানিং ও এনডোমেন্ট ফান্ড সহায়তা<br>• জনবল কাঠামো হালনাগাদ করা<br>• নিয়োগ ও পদোন্নতি কমিটিতে বহিঃ বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত করা<br>• পেনশন সুবিধা নিশ্চিতকরণ । | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বার্ড) |